

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 12-07-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশন গতকাল ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। পাশাপাশি জিলা পরিষদ নির্বাচনের জন্য জেলা শাসক তথা রিটার্নিং অফিসার এবং রাজ্যের ৩৫টি ব্লকের বিডিও তথা রিটার্নিং অফিসারগণও পঞ্চায়েত নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেবার আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তি জারি করেছেন। গতকাল থেকেই পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হয়। মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন ১৮ই জুলাই। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ১৯শে জুলাই। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ২২শে জুলাই। ভোট গ্রহণ ৮ই আগস্ট এবং গণনা ১২ আগস্ট।

\*\*\*\*\*

**Panchayat Nomination:**

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের প্রথম দিনে গতকাল সিপাহীজলা জেলায় ৩৬ জন সি.পি.আই.এম প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন।

অন্যদিকে, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি আসনের মধ্যে ১৬টি আসনে গতকাল বামফ্রন্ট প্রার্থীরা মনোনয়ন পত্র দাখিল করেছেন।

\*\*\*\*\*

**Nomination-South :**

দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য গতকাল মোট ১৭ জন সিপিআইএম প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। জেলা শাসকের কাছে প্রার্থীরা মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন বিধায়ক দীপঙ্কর সেন, সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য সুধন দাস, জেলা সম্পাদক বাসুদেব মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

**PM, NITI AYOOG :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুনদিল্লিতে NITI আয়োগে বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে মতবিনিময় করেন। ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেটের আগে তাদের মতামত ও পরামর্শ জানতেই তাঁর এই মতবিনিময়। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান সুমন বেরি, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পি কে মিশ্র এবং শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞরা বৈঠকে যোগ দেন। উল্লেখ্য, আগামী ২৩ তারিখে অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

\*\*\*\*\*

**Central Minister-Unakoti :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী প্রতাপরাও গনপতরাও যাদব গতকাল কৈলাশহরের সুসংহত আয়ুশ হাসপাতালটি পরিদর্শন করেন। পরে তিনি কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে স্বাস্থ্য বিভাগ ও আয়ুশ এর কাজকর্ম বিষয়ে এক বৈঠকে অংশ নেন। বৈঠকে উপস্থিত ছিলেন, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, স্বাস্থ্য দপ্তরের যুগ্ম-অধিকর্তা ডাঃ সৌভিক দেববর্মা, রাজ্য স্বাস্থ্য মিশনের সদস্য-সচিব ডাঃ নুপুর দেববর্মা প্রমুখ।

কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী এছাড়া গতকাল উনকোটি জেলার মাছমারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন করেন।

কেন্দ্রীয় মন্ত্রী জানান, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে ১৫ দিন অন্তর অন্তর কেন্দ্রীয় মন্ত্রীদের প্রবাস কর্মসূচির অঙ্গ হিসাবে তাঁর এই সফর।

\*\*\*\*\*

**Adibasi Congress:**

প্রদেশ কংগ্রেস ভবনে গতকাল আদিবাসী কংগ্রেস কর্মীদের নিয়ে এক সাংগঠনিক বৈঠকে অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন এ আই সি সি-র সম্পাদিকা জারিতা লাইতফ্লাং, প্রদেশ কংগ্রেসের সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ-সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

**Bangladeshi Detained:**

আগরতলা রেল স্টেশনে চার মহিলা-সহ আরও সাতজন বাংলাদেশি গতকাল ধরা পড়ে। রেল থানার ওসি তাপস দাস জানান, গতকাল বিকেলে তারা রেলের বেআইনিভাবে রাজ্যের বাইরে যেতে রওনা দিয়েছিল। ধৃতদের সাতজনকেই আজ আদালতে হাজির করা হবে।

\*\*\*\*\*

**NEET UG :**

সুপ্রিমকোর্ট NEET UG ২০২৪ মামলায় এমাসের ১৮ তারিখের শুনানি স্থগিত রেখেছে। প্রধান বিচারপতি, ডিওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে একটি বেঞ্চ কেন্দ্র এবং এনটিএ দ্বারা দাখিল করা হলফনামাগুলিতে বিভিন্ন পক্ষ যাতে তাদের প্রতিক্রিয়া দাখিল করতে সক্ষম হয়, সেজন্য এই স্থগিতাদেশ দিয়েছে।

\*\*\*\*\*

**NEET UG-2 :**

এক ছাত্র প্রতিনিধিদল গতকাল নতুনদিল্লিতে NEET-UG পরীক্ষা নিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের সঙ্গে দেখা করেছে। শিক্ষার্থীরা পরীক্ষা এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন সমস্যা সম্পর্কে মন্ত্রীর সঙ্গে কথা বলেন।

\*\*\*\*\*

**Raid in Market :**

রাজধানী আগরতলার বাজার গুলিতে আলু পেঁয়াজ সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রীর দাম নিয়ন্ত্রণে রাখতে গতকাল সদর মহকুমার এনফোর্সমেন্ট বিভাগ এবং ওজন পরিমাপ দফতরের যৌথ উদ্যোগে মহারাজগঞ্জ বাজারে অভিযান চালানো হয়। দু'জন ব্যবসায়ী সঠিক কাগজপত্র দেখাতে না পারায় তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

**All Party Meeting:**

পঞ্চায়েত নির্বাচন নিয়ে বামুটিয়া ব্লক অফিসে গতকাল সর্বদলীয় বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সিপিআইএম নেতা তথা বিধায়ক নয়ন সরকার, বামুটিয়ার বিজেপি মন্ডল সভাপতি বিজু পাল-সহ অন্যান্যরা। ব্লকের বিডিও অমিতাভ ভট্টাচার্য সব দলের প্রতিনিধিদের কাছে শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করতে সহযোগিতা চেয়েছেন। অন্যদিকে বিধায়ক শ্রী সরকার বিরোধীদলের প্রার্থীদের জন্য নিরাপত্তা দাবী করেন ।

\*\*\*\*\*

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজকের আকাশ প্রধানত: মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*